



বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়
কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫, মতিঝিল বা/এ, ঢাকা-১০০০

ফোন : ৯৫৫৬৯৩১
৯৫৬০০২১-২৫
৯৫৬০০৩১-৩৫
e-mail : dgmaccounts1@krishibank.org.bd

কেন্দ্রীয় হিসাব বিভাগ

নং-প্রকা/হিসাব(শাখা-১)/১২(৮)/২০১৮-১৯/৯১৭

তারিখঃ ২৩.০৫.২০১৯

- ১। মহাব্যবস্থাপক
স্থানীয় মুখ্য কার্যালয়
- ২। মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সকল মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়
- ৩। উপ-মহাব্যবস্থাপক
সকল কর্পোরেট শাখা
- ৪। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক কার্যালয়ের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : বিকেবি, সুদ মওকুফ নীতিমালার আওতায় মওকুফকৃত সুদের শাখা পর্যায়ে হিসাবায়ন পদ্ধতি প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে সদয় দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

- ০২। ঋণ আদায় মহাবিভাগের এর মাধ্যমে ০৬.০৮.২০১৮ তারিখে মাঠ পর্যায়ে জারীকৃত সুদ মওকুফ নীতিমালা পরিপত্র নং ০২/২০১৮ এর ৮ অনুচ্ছেদের ৮.৬ উপ-অনুচ্ছেদে শাখার ঋণ হিসাবের মওকুফকৃত সুদ শাখা কর্তৃক ডেবিট এ্যাডভাইস প্রেরণের মাধ্যমে প্রধান কার্যালয়ে রক্ষিত ঋণের মন্দ ও ক্ষতিজনিত প্রভিশনকৃত ব্যয় খাত-৪৪ এর সাথে সমন্বয়ের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। তবে সুদ মওকুফকৃত ঋণ হিসাবের ক্ষেত্রে শাখা পর্যায়ের অভ্যন্তরীণ হিসাবায়ন পদ্ধতি সম্পর্কে পরিপত্রে পরিপালনীয় উল্লেখ না থাকায় সৃষ্ট জটিলতা নিরসনকল্পে, শাখা পর্যায়ে মওকুফকৃত আরোপিত সুদ (যা স্থগিত সুদ খাতে বা আয় খাতে স্থানান্তর করা হয়েছে) এবং অনারোপিত সুদ এর ক্ষেত্রে হিসাবায়ন পদ্ধতির দিক নির্দেশনা প্রদানের আবশ্যিকতা দেখা দিয়েছে।
- ০৩। বিকেবি, হিসাব ও জেনারেল ব্যাংকিং ম্যানুয়াল-২০১০ এর ১ম খণ্ডের পরিচ্ছেদ-২৫ এর ৪নং এ উল্লিখিত হিসাবায়ন পদ্ধতি এবং বর্ণিত সুদ মওকুফ পরিপত্রের আলোকে শাখা পর্যায়ে নিম্নোক্ত হিসাবায়ন পদ্ধতিতে সুদ মওকুফকৃত ঋণ হিসাবের হিসাবায়ন করতে হবে :


সুদ মওকুফকৃত ঋণ হিসাবের হিসাবায়ন পদ্ধতি :			
ক্রঃ	বিবরণ	ডেবিট	ক্রেডিট
ক.	মওকুফ বাদে আদায়যোগ্য অংশ আদায় হলে	ক্যাশ হিসাব	ঋণ হিসাব
খ.	ঋণ হিসাবের বিপরীতে রক্ষিত স্থগিত সুদ সমন্বয়ের জন্য	৫২-স্থগিত সুদ	ঋণ হিসাব
গ.	সমুদয় ৫২-স্থগিত সুদ সমন্বয়ের পরও যদি ঋণ হিসাবে কোন স্থিতি থাকে তা সমন্বয়ের জন্য	*১১১৪-আন্তঃ হিসাব	ঋণ হিসাব
ঘ.	৫২-স্থগিত সুদ দ্বারা ঋণ হিসাব বন্ধের পরেও যদি ৫২-স্থগিত সুদ খাতে স্থিতি থাকে তা আয়খাতে স্থানান্তর করতে হবে।	৫২-স্থগিত সুদ	৪৬-আয়খাত

* প্রকায় রক্ষিত ঋণের মন্দ ও ক্ষতিজনিত প্রভিশনকৃত ব্যয় খাত-৪৪ এর সঙ্গে সমন্বয়ের জন্য

চলমান পাতা-২

- ০৪। ৫২-স্থগিত সুদ হিসাবের মওকুফকৃত অর্থ ঋণ হিসাবের সাথে সমন্বয়ের পর ঋণ হিসাবের অবশিষ্ট মওকুফকৃত অর্থের ডেবিট এ্যাডভাইস প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে। প্রধান কার্যালয়, ডেবিট এ্যাডভাইসটি প্রধান কার্যালয়ে রক্ষিত ঋণের মন্দ ও ক্ষতিজনিত প্রতিশনকৃত ব্যয় খাত-৪৪ এর সঙ্গে সমন্বয় করবে। উল্লেখ্য, ৫২-স্থগিত সুদ হিসাব প্রতিশন হিসাব বিধায় এবং ঋণ শ্রেণীবিন্যাস নীতিমালার আওতায় স্থগিত সুদের বিপরীতে ঋণ প্রতিশন সংরক্ষিত হয় না বিধায় স্থগিত সুদ প্রধান কার্যালয়ে রক্ষিত ঋণের মন্দ ও ক্ষতিজনিত প্রতিশনকৃত ব্যয় খাত-৪৪ এর সঙ্গে সমন্বয় করা যাবে না তথা স্থগিত সুদের এ্যাডভাইস প্রধান কার্যালয়ে প্রেরণ করা যাবে না বরং মওকুফকৃত স্থগিত সুদ হিসাবের অংশ ঋণ হিসাবের সাথে সমন্বয় করতে হবে। অনারোপিত সুদ মওকুফের ক্ষেত্রে, অনারোপিত সুদ যথাযথভাবে হিসাবায়নপূর্বক ধার্য্য করতঃ যথারীতি বর্ণিত হিসাবায়ন পদ্ধতি অনুসরণ করতে হবে।

অনুমোদনক্রমে-


আপনার বিশ্বস্ত,

 (বেলাল আহমেদ)
 উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/হিসাব(শাখা-১)/১২(৮)/২০১৮-১৯/৯১৭(১২৫০)

তারিখঃ ২৩.০৫.২০১৯

সদয় জ্ঞাতার্থে ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণার্থে অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক-১, ২ ও ৩ মহোদয়ের দপ্তর, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর/অধ্যক্ষ, স্টাফ কলেজ, বাংলাদেশ কৃষি ব্যাংক, প্রকা, ঢাকা।
- ০৪। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিভাগীয় কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৫। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৬। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, প্রকা/স্থানীয় মুখ্য কার্যালয়, বাংলাদেশ কৃষি ব্যাংক, ঢাকা।
- ০৭। উপমহাব্যবস্থাপক, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকাকে; পত্রটি ব্যাংকের ওয়েব সাইটে আপলোড করার জন্য অনুরোধ করা হলো।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ, বাংলাদেশ কৃষি ব্যাংক।
- ০৯। নথি/মহানথি।


 (খান তামজিদ আহমেদ)
 সহকারী মহাব্যবস্থাপক